তারিখ [illegible]
পৃষ্ঠা ১২ কলাম [illegible]
206

ভোরের কাগজ

### এইচএসসি পরীক্ষায় মেধা কেলেঙ্কারি

# চট্টগ্রাম ক্যান্টনমেন্ট কলেজ পরীক্ষা কেন্দ্র বাতিলের সিদ্ধান্তে মিশ্র প্রতিক্রিয়া

**চট্টগ্রাম অফিস** : ১৯৯৮ সালের এইচএসসি পরীক্ষার মেধা কেলেঙ্কারির ব্যাপারে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট স্কুল অ্যান্ড কলেজ পরীক্ষা কেন্দ্র দুই বছরের জন্য বাতিলের সিদ্ধান্ত নিয়ে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। ক্যান্টনমেন্ট স্কুল কর্তৃপক্ষের বক্তব্য হচ্ছে, তাদের একজন শিক্ষক ঐ কেলেঙ্কারির সঙ্গে জড়িত বলে অভিযোগ পেয়েছে তদন্ত কমিটি, এ কথা সত্য। কিন্তু একজন শিক্ষকের বিরুদ্ধে অভিযোগের জন্য ক্যান্টনমেন্ট কলেজের মতো একটি নামকরা শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা কেন্দ্র বাতিলের সিদ্ধান্ত তাদের প্রতি অবিচারের শামিল'।

তদন্ত কমিটির সুপারিশের ভিত্তিতে গত ২ সেপ্টেম্বর চট্টগ্রাম শিক্ষা বোর্ড কমিটি জালিয়াতিসহ বিভিন্ন অভিযোগে '৯৮ সালের এইচএসসি পরীক্ষায় বাণিজ্য বিভাগের মেধা তালিকায় প্রথম এবং ১৮তম স্থান দখলকারী ক্যান্টনমেন্ট কলেজের দুই ছাত্রের ফলাফল বাতিল করে। একই সঙ্গে বোর্ড কমিটি চট্টগ্রাম ক্যান্টনমেন্ট কলেজ পরীক্ষা কেন্দ্র দুই বছরের জন্য বাতিলসহ বিভিন্ন সিদ্ধান্ত নেয়। এরই পরিপ্রেক্ষিতে ক্যান্টনমেন্ট কলেজ কর্তৃপক্ষ সম্প্রতি চট্টগ্রাম বোর্ডের কাছে এক আবেদনপত্র পাঠায়। এতে বলা হয়, তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী ঐ মেধা কেলেঙ্কারির সঙ্গে বোর্ডের কর্মকর্তারা জড়িত এবং তা সংঘটিত হয়েছে বোর্ডের মধ্যে। ক্যান্টনমেন্ট কলেজের একজন শিক্ষক সাঈদ হাসান এ ঘটনায় জড়িত রয়েছে বলে মনে করেছে তদন্ত কমিটি। কিন্তু কমিটি ক্যান্টনমেন্ট কলেজের বিরুদ্ধে কোনো অভিযোগ পায়নি। ইতিমধ্যে ক্যান্টনমেন্ট কলেজে গত ২ বছরে বোর্ড এবং বিশ্ববিদ্যালয়ের ৬টি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে কোনো অভিযোগ ছাড়াই।

কলেজ কর্তৃপক্ষের আবেদনে বলা হয়, বোর্ডের পরীক্ষা কেন্দ্র বাতিলের সিদ্ধান্তের ফলে কলেজটির ২ হাজার ছাত্রছাত্রী এবং সংশ্লিষ্ট অভিভাবকরা উদ্বিগ্ন হয়ে পড়েছেন। তাছাড়া কলেজটির সুনামও ক্ষুণ্ন হয়েছে মারাত্মকভাবে। কলেজ কর্তৃপক্ষ কেন্দ্র বাতিলের সিদ্ধান্তটি বিবেচনা করে তা পুনর্বহালের আবেদন জানিয়েছেন।

উল্লেখ্য, ক্যান্টনমেন্ট কলেজ কর্তৃপক্ষ ইতিমধ্যে অভিযুক্ত শিক্ষক সাঈদ হাসানকে সাময়িকভাবে বরখাস্ত এবং কলেজের নিয়মশৃঙ্খলার ক্ষেত্রে বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছেন। শিক্ষা বোর্ডের চেয়ারম্যান এ ব্যাপারে ভোরের কাগজকে বলেন, তারা ক্যান্টনমেন্ট কলেজের আবেদনপত্রটি পেয়েছেন এবং এটি যথাযথ কমিটির কাছে উত্থাপন করা হবে।